# ওপেন (উন্মুক্ত) বনাম ক্লোজড (বন্ধ)প্রাইমারী

## প্রাইমারী নির্বাচন কী?

সাধারণ নির্বাচনের পূর্বে প্রতিটি রাজনৈতিক দল থেকে কোন কোন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে তা প্রাইমারী নির্বাচনের মাধ্যমে নির্ধারণ করা হয়ে থাকে।

## প্রাইমারী নির্বাচনের ধরন

প্রাইমারী নির্বাচনের ধরন বিভিন্ন স্টেটে(অঙ্গরাজ্যে) বিভিন্ন রকমের হয়ে থাকে। মূলত দুই ধরনের প্রাইমারী নির্বাচন হয়ে থাকে: ক্লোজড (বন্ধ) এবং ওপেন (উন্মুক্ত), তবে এই দুই ধরনের মধ্যে আরও কিছু বিষয় রয়েছে। সবমিলিয়ে প্রাইমারী নির্বাচনের ধরনগুলো হচ্ছে ক্লোজড (বন্ধ), আংশিক ক্লোজড (বন্ধ), আনঅ্যাফিলিয়েটেড(অনধিভুক্ত) ভোটারদের জন্য ওপেন (উন্মুক্ত), আংশিক ওপেন (উন্মুক্ত) অথবা ওপেন (উন্মুক্ত)।

ভোট দেওয়ার জন্য রেজিস্টার করার সময় ভোটারের পছন্দের রাজনৈতিক দল উল্লেখ করে দেওয়ার জায়গা থাকে। যদি ভোটার রেজিস্ট্রেশন ফর্মে কোনো ভোটার তার পছন্দের রাজনৈতিক দল উল্লেখ না করে থাকে, তাহলে তাদেরকে "আনঅ্যাফিলিয়েটেড (অনধিভুক্ত) ভোটার" বলা হয়ে থাকে যতক্ষণ পর্যন্ত তারা পরবর্তীতে তাদের পছন্দের রাজনৈতিক দল উল্লেখ না করে দেয়। ভোটার রেজিস্ট্রেশন ফর্মে পছন্দের রাজনৈতিক দল উল্লেখ করার উপর নির্ভর করবে একজন ভোটার প্রাইমারী নির্বাচনে অংশ নিতে পারবে কি না।

### ক্লোজড (বন্ধ) প্রাইমারী

ক্লোজড (বন্ধ) প্রাইমারী নির্বাচনে ভোটাররা তাদের ভোটার রেজিস্ট্রেশন ফর্মে উল্লেখ করা পছন্দের রাজনৈতিক দলের প্রাইমারী নির্বাচনে ভোট দিতে পারবে। যেসব ভোটার "ইন্ডিপেনডেন্ট (স্বাধীন)" হিসেবে রেজিস্টার করেছে বা কোনো পছন্দের রাজনৈতিক দল উল্লেখ করেনি, তারা এই ধরনের প্রাইমারী নির্বাচনে অংশ নিতে পারবে না।[1]

- **যেসব স্টেটে (অঙ্গরাজ্যে) ক্লোজড (বন্ধ) প্রাইমারী[2] নির্বাচন হয়ে থাকে:** ডেলাওয়্যার, ফ্লোরিডা, কেন্টাকি, নেভাডা, নিউ মেক্সিকো, নিউ ইয়র্ক, পেনসিলভেনিয়া

### আংশিক ক্লোজড (বন্ধ) প্রাইমারী

যেসব স্টেটে আংশিক ক্লোজড (বন্ধ) প্রাইমারী নির্বাচন হয়ে থাকে, সেখানে রাজনৈতিক দলগুলো ঠিক করে নিতে পারে যে, যারা আনঅ্যাফিলিয়েটেড (অনধিভুক্ত) ভোটার রয়েছে বা যেসব ভোটার তাদের দলের সাথে রেজিস্টার করেনি, এমন ভোটারদেরকে দলের প্রাইমারী নির্বাচনে ভোট দেওয়ার সুযোগ দেওয়া হবে কি না। যেসব স্টেটে আংশিক ক্লোজড (বন্ধ) প্রাইমারী নির্বাচন হয়ে থাকে, সেখানে রাজনৈতিক দলগুলো আনঅ্যাফিলিয়েটেড (অনধিভুক্ত) ভোটারদের অংশ নেওয়ার সুযোগ দিতে পারে কিন্তু অন্য কোন রাজনৈতিক দলের সদস্যদের জন্য সেই সুযোগ বাতিল করে দিতে পারে।[3]

- **যেসব স্টেটে(অঙ্গরাজ্যে) আংশিক ক্লোজড (বন্ধ) প্রাইমারী [4] নির্বাচন হয়ে থাকে:** কানেকটিকাট, আইডাহো, ম্যারিল্যান্ড, নর্থ ক্যারোলাইনা, ওকলাহোমা, অরেগন, সাউথ ডাকোটা, ইউটাহ, ওয়েস্ট ভার্জিনিয়া

1. ন্যাশনাল কনফারেন্স অফ স্টেট লেজিসলেচারস, "স্টেট প্রাইমারী ইলেকশন টাইপস," জুন 22,2023 https://www.ncsl.org/elections-and-campaigns/state-primary-election-types
2. ন্যাশনাল কনফারেন্স অফ স্টেট লেজিসলেচারস, "স্টেট প্রাইমারী ইলেকশন টাইপস," জুন 22,2023 https://www.ncsl.org/elections-and-campaigns/state-primary-election-types
3. ন্যাশনাল কনফারেন্স অফ স্টেট লেজিসলেচারস, "স্টেট প্রাইমারী ইলেকশন টাইপস," জুন 22, 2023 https://www.ncsl.org/elections-and-campaigns/state-primary-election-types

# ওপেন (উন্মুক্ত) বনাম ক্লোজড (বন্ধ) প্রাইমারী

## আনঅ্যাফিলিয়েটেড (অনধিভুক্ত) ভোটারদের জন্য ওপেন (উন্মুক্ত) প্রাইমারী

কিছু কিছু স্টেটে আনঅ্যাফিলিয়েটেড (অনধিভুক্ত) ভোটারদেরকে তাদের পছন্দমত যেকোনো রাজনৈতিক দলের প্রাইমারী নির্বাচনে অংশ নেওয়ার সুযোগ দেওয়া হয়ে থাকে। এসব স্টেটে এক দলের হয়ে রেজিস্টার করা ভোটারদেরকে অন্য কোনো দলের প্রাইমারী নির্বাচনে অংশ নিতে দেওয়া হয় না। সত্যিকারের ওপেন (উন্মুক্ত) প্রাইমারী নির্বাচনের সাথে এটার অমিলের জায়গাটা হলো, এখানে রিপাবলিকানরা এবং ডেমোক্র্যাটরা কেউ একে অপরের দলের প্রাইমারী নির্বাচনে ভোট দিতে পারবে না।[5]

- **যেসব স্টেটে(অঙ্গরাজ্যে) আনঅ্যাফিলিয়েটেড (অনধিভুক্ত) ভোটাররা যেকোনো দলের প্রাইমারী নির্বাচনে অংশ নিতে পারে:** [6] অ্যারিজোনা, কলোরাডো,[7] ক্যানসাস, মেইন, ম্যাসাচুসেটস, নিউ হ্যাম্পশায়ার, রোড আইল্যান্ড

## আংশিক ওপেন (উন্মুক্ত) প্রাইমারী

যেসব স্টেটে আংশিক ওপেন (উন্মুক্ত) প্রাইমারী নির্বাচন হয়ে থাকে, সেখানে ভোটাররা এক দল থেকে আরেক দলে যেতে পারে। সত্যিকারের ওপেন (উন্মুক্ত) প্রাইমারী নির্বাচনের সাথে এটার অমিলের জায়গাটা হলো, এখানে ভোটাররা যেই দলের ব্যালট নির্বাচন করবে, সেই ব্যালটকেই ঐ দলের সাথে রেজিস্ট্রেশন হিসেবে গণ্য করা হতে পারে। এক্ষেত্রে, স্টেট পাবলিকভাবে ঐ ভোটারের ব্যালটকে রি-অর্ডার (পুনর্বিন্যাস) করে নেবে। [৮]

- **যেসব স্টেটে(অঙ্গরাজ্যে) আংশিক ওপেন (উন্মুক্ত) প্রাইমারী নির্বাচন হয়ে থাকে:** [9] ইলিনয়, ইন্ডিয়ানা, আইওয়া [10,] নিউ জার্সি, ওহাইও, ওয়াইয়োমিং

## ওপেন (উন্মুক্ত) প্রাইমারী

ওপেন (উন্মুক্ত) প্রাইমারী নির্বাচনে ভোটাররা যদি চায় তাহলে তারা এক দলের হয়েও অন্য দলের প্রাইমারী নির্বাচনে অংশ নিতে পারবে।[11] এই সিদ্ধান্তটি প্রাইভেট (গোপন) থাকে এবং এর ফলে ভোটাররা যে দলের নির্বাচনে ভোট দেওয়ার সিদ্ধান্ত নেবে, তাদেরকে সেই দলের রেজিস্টারকৃত ভোটার হিসেবে গণ্য করা হবে না।

- **যেসব স্টেটে(অঙ্গরাজ্যে) ওপেন (উন্মুক্ত) প্রাইমারী নির্বাচন হয়ে থাকে:**[12] আলাবামা, আর্কানসাস, জর্জিয়া, হাওয়াই, মিশিগান, মিনেসোটা, মিসিসিপি, মিসৌরি, মন্টানা, নর্থ ডাকোটা, সাউথ ক্যারোলাইনা, টেনেসী, টেক্সাস, ভার্মন্ট, ভার্জিনিয়া, উইসকনসিন

---

*5. ন্যাশনাল কনফারেন্স অফ স্টেট লেজিসলেচারস, "স্টেট প্রাইমারী ইলেকশন টাইপস,," জুন 22, 2023 https://www.ncsl.org/elections-and-campaigns/state-primary-election-types*

*6. ন্যাশনাল কনফারেন্স অফ স্টেট লেজিসলেচারস, "স্টেট প্রাইমারী ইলেকশন টাইপস,," জুন 22, 2023 https://www.ncsl.org/elections-and-campaigns/state-primary-election-types*

***7. কলোরাডোতে আনঅ্যাফিলিয়েটেড (অসংযুক্ত) ভোটাররা কোনো একটি দলের ব্যালট জমা দিয়ে থাকে অথবা নির্বাচনে ভোট দেওয়ার জন্য যেকোনো দলের ব্যালট পাওয়ার জন্য অনুরোধ জানিয়ে থাকে। তাদের পছন্দকে রেকর্ড করে রাখা হয় এবং তা পাবলিক তথ্য বলে গণ্য করা হয়, তবে এর মাধ্যমে ভোটারের আনঅ্যাফিলিয়েটেড (অনধিভুক্ত) স্ট্যাটাসের কোনো পরিবর্তন হবে না।***

*8. ন্যাশনাল কনফারেন্স অফ স্টেট লেজিসলেচারস, "স্টেট প্রাইমারী ইলেকশন টাইপস,," জুন 22, 2023 https://www.ncsl.org/elections-and-campaigns/state-primary-election-types*

*9. ন্যাশনাল কনফারেন্স অফ স্টেট লেজিসলেচারস, "স্টেট প্রাইমারী ইলেকশন টাইপস,," জুন 22, 2023 https://www.ncsl.org/elections-and-campaigns/state-primary-election-types*

***10. আইওয়ার ভোটার রেজিস্ট্রেশনের সময় ভোটারদেরকে একটি দল বেছে নিতে বলা হয়, কিন্তু প্রাইমারী নির্বাচনে ভোট দেওয়ার জন্য স্টেট ভোটারদেরকে পাবলিকভাবে তাদের দলের সাথে অ্যাফিলিয়েশন (সংযুক্তিকরণ) পরিবর্তন করার সুযোগ দিয়ে থাকে।***

*11. ন্যাশনাল কনফারেন্স অফ স্টেট লেজিসলেচারস, "স্টেট প্রাইমারী ইলেকশন টাইপস,," জুন 22,2023 https://www.ncsl.org/elections-and-campaigns/state-primary-election-types*

*12. ন্যাশনাল কনফারেন্স অফ স্টেট লেজিসলেচারস, "স্টেট প্রাইমারী ইলেকশন টাইপস,," জুন 22,2023 https://www.ncsl.org/elections-and-campaigns/state-primary-election-types*



